রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ১০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহানগর দায়রা জজ এবং**
**মহানগর সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।**

## বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তপশিলে উল্লিখিত মামলার আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারি কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামিদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামিগণ গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিদেরকে শীঘ্রই গ্রেফতার করিবার আশু কোনো সম্ভাবনা নাই সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল "ল" এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামিগণের নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

## তপশিল

| ক্রমিক নং | মামলা নং | আসামিদের নাম ও ঠিকানা | ধারা | পরবর্তী তারিখ |
|---|---|---|---|---|
| ১। | স্পেশাল মামলা নং-২৫/২০২৫ দু'দক মামলা নং- ০৯(০৩) ২০২০ এ,সি,সি,জি, আর-০৯/২০২০ | মোঃ আব্দুল্লাহ, পিতা- আবুল বশর, মাতা-পারভীন আক্তার বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ সাং-হাতিয়ার ঘোনা, লেঙ্গুরবিল, ডাকঘর-মিঠাপানিরছড়া, থানা/উপজেলা-টেকনাফ, জেলা-কক্সবাজার, (সাবেক মেম্বার, ২ নং ওয়ার্ড, টেকনাফ সদর ইউনিয়ন পরিষদ, টেকনাফ, কক্সবাজার, ২। আবুল বশর, পিতা-মৃত মোহাম্মদ ইসহাক, মাতা-আয়েশা খাতুন, স্থায়ী ঠিকানা:-সাং- হাতিয়ার ঘোনা, লেঙ্গুরবিল, ডাকঘর-মিঠাপানিরছড়া, ৪৭৬০, ২নং ওয়ার্ড, টেকনাফ সদর ইউনিয়ন পরিষদ, থানা/উপজেলা-টেকনাফ, জেলা-কক্সবাজার, | ধারাঃ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬ (২) ও ২৭(১) ধারা এবং তৎসহ দণ্ডবিধির ১০৯ | ২২-১০-২০২৫খ্রিঃ |

**মোঃ হাসানুল ইসলাম**
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০